2023

MARYLAND STATE DEPARTMENT OF EDUCATION
EQUITY AND EXCELLENCE




## প্যারেন্ট ইনফরমেশন সিরিজ

মেরিল্যান্ডে (Maryland) বিশেষ শিক্ষা পরিষেবা:


### একটি সহায়ক গাইড

# অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এর



# ভূমিকা

**প্যারেন্ট ইনফরমেশন সিরিজটি হলো মেরিল্যান্ড (Maryland) স্টেট জুড়ে বিশেষ শিক্ষা ব্যবস্থা পরিষেবাগুলিতে, পরিবারগুলিকে সমর্থন করার জন্য ডিজাইন করা প্রকাশনাগুলির একটি সংগ্রহ।** এই বুকলেটটির মাধ্যমে, আমরা আপনাকে নিবেদিত পেশাদারদের একটি কমিউনিটিতে স্বাগত জানাই এবং আপনার সন্তানের সাফল্য সমর্থনের পাশাপাশি আপনার পরিবারকে সহায়তা করার জন্য ফেডারেল ও রাষ্ট্রীয় আইনের নির্মিত প্রক্রিয়ায় আমরা আপনার পথপ্রদর্শক হতে চাই।



# সূচিপত্র


পৃষ্ঠা 4

**অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক কী?**

পৃষ্ঠা 5

**কোনো শিশু অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে কীভাবে?**

পৃষ্ঠা 6

**প্রক্রিয়াটিতে পিতামাতার সম্মতি**

পৃষ্ঠা 7

**সম্মতির সিদ্ধান্তের ভিত্তিতে পছন্দ এবং প্রভাব**

পৃষ্ঠা 8

**অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ফলাফল**

পৃষ্ঠা 9

**পিতামাতার জন্য একটি চেকলিস্ট**

পৃষ্ঠা 10

**শব্দকোষ**


বিস্তারিত তথ্যের জন্য আমাদের সাথে

**www.marylandpublicschools.org**-এ ভিজিট করুন



# অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক কী?

বিশেষ শিক্ষার উদ্দেশ্য হলো সকল যোগ্য প্রতিবন্ধী শিশুদের বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা, বা ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (Free Appropriate Public Education/FAPE) নিশ্চিত করা, যা তাদের অনন্য চাহিদা পূরণ করবে এবং পরবর্তী শিক্ষা, কর্মসংস্থান এবং স্বাধীন জীবনযাপনের জন্য তাদের প্রস্তুত করে তুলবে।

প্রত্যাশা করা হয় সকল শিক্ষার্থী একই গ্রেড স্তরের মান অর্জন করবে এবং উচ্চ প্রত্যাশা পূরণ করবে, তবে আইন স্বীকার করে যে নিবিড় বিশেষ শিক্ষা পরিষেবা দেওয়া সত্ত্বেও সবচেয়ে উল্লেখযোগ্য জ্ঞানীয় প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের ছোট গোষ্ঠী হয়ত সকল শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য একই মানদণ্ড অর্জন নাও করতে পারে।

এই শিক্ষার্থীদের পরিবর্তিত মানদণ্ড ব্যবহার করে নির্দেশনাবলী এবং মূল্যায়নের প্রয়োজন হতে পারে। এর ফলে স্কুলের কর্মীদের অত্যাবশ্যকীয় গ্রেড স্তরের দক্ষতার উপর মনোযোগ নিবদ্ধ করা এবং নিবিড়, সরাসরি নির্দেশনাবলী প্রদান ও বারবার অনুশীলনের প্রয়োজন সৃষ্টি করে। প্যারেন্ট ইনফরমেশন সিরিজ ব্যবহার করে নির্দেশনাবলীর প্রয়োজনীয় উপাদানগুলি Maryland College and Career Ready Standards-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকলেও, সেগুলি পরিবর্তিত করা হয় যাতে শিক্ষার্থী গ্রেড লেভেল পাঠ্যক্রমের মধ্যে দিয়ে অগ্রগতির আগে মূল ধারণাগুলি শিখতে পারে। রাষ্ট্রীয় মূল্যায়নগুলিও ভিন্ন, কারণ এগুলি শিক্ষার্থীদের সেই গ্রেড স্তরের মানদণ্ডে মূল্যায়ন করে, যে মানদণ্ড অন্যান্য শিক্ষার্থীদের মূল্যায়নের তুলনায় পরিবর্তিত এবং কম জটিল।

> ”
>
> [কোনো শিশুর] শিক্ষামূলক কর্মসূচিকে অবশ্যই তার পরিস্থিতির আলোকে যথাযথভাবে উচ্চাভিলাষী হতে হবে... লক্ষ্য ভিন্ন হতে পারে, কিন্তু প্রতিটি শিশুরই চ্যালেঞ্জিং উদ্দেশ্য পূরণ করার সুযোগ থাকা উচিত।”
>
> — Endrew F. v. Douglas County School Dist. _ U.S. _ (2017)

# কোনো শিশু **অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের** জন্য যোগ্য বলে বিবেচিত হবে কীভাবে?

সন্তান Alternate Education Framework-এ অংশগ্রহণের যোগ্য কি না, তার সিদ্ধান্ত প্রতি বছর আপনার সন্তানের ইন্ডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (Individual Education Program/IEP) টিম নেবে, যার মধ্যে আপনিও আছেন। যদি IEP টিমের মনে হয় আপনার সন্তানের মধ্যে কোনো উল্লেখযোগ্য জ্ঞানীয় প্রতিবন্ধকতা রয়েছে এবং সে অল্টারনেট ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের যোগ্য হতে পারে, তাহলে টিম IEP-এর অংশ হিসাবে "Appendix A" নামক একটি নথি পূরণ করবে। এই নথিতে নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হয়:

শিক্ষার্থীর কি এমন কোনো IEP আছে যেটিতে বিশেষভাবে ডিজাইন করা নির্দেশনাবলী এবং পারফরম্যান্সের ডাটা রয়েছে, যেখান থেকে দেখা যায় এই

1 সমস্ত সমর্থন প্রদান করা সত্ত্বেও শিক্ষার্থী সাধারণ মানদণ্ড থেকে শিখতে পারছে না? এবং

2 শিক্ষার্থীর কি উল্লেখযোগ্য জ্ঞানীয় প্রতিবন্ধকতা রয়েছে? এবং

3 মেরিল্যান্ড কলেজ এবং ক্যারিয়ার রেডি স্ট্যান্ডার্ড (Maryland College and Career Ready Standards) থেকে প্রাপ্ত শিক্ষার্থীর ইংরেজি/ভাষা কলা, গণিত এবং নেক্সট জেনারেশন বিজ্ঞান বিষয়ের স্ট্যান্ডার্ড শেখার কন্টেন্ট কি গ্রেড লেভেলের পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ, যে পাঠ্যক্রমটি শিক্ষার্থীর অগ্রগতির জন্য উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত করা হয়েছে? এবং

4 অনুসারিত এবং পরিবর্তিত পাঠ্যক্রমে পরিমাপযোগ্য লাভ অর্জনের জন্য শিক্ষার্থীর কি ব্যাপক, প্রত্যক্ষ, একক ও পুনরাবৃত্ত নির্দেশনাবলী এবং উল্লেখযোগ্য সমর্থনের প্রয়োজন?



# প্রক্রিয়াটি-তে পিতামাতার সম্মতি

মেরিল্যান্ডে (Maryland), পরিবর্তিত পাঠ্যক্রম এবং বিকল্প রাষ্ট্রীয় মূল্যায়নে অংশগ্রহণের জন্য আলাদা সম্মতির প্রয়োজন, তাই পিতামাতাদের দুইবার স্বাক্ষর করতে বলা হবে। উভয় সিদ্ধান্ত অর্থাৎ পাঠ্যক্রমে অংশগ্রহণ এবং মূল্যায়নের সিদ্ধান্ত সাধারণত প্রতি বছর, আপনার সন্তানের বার্ষিক পর্যালোচনা মিটিংয়ে নেওয়া হয়।

পিতামাতাদের বুঝতে হবে যে, এগুলি হলো দুটি স্বতন্ত্র সিদ্ধান্ত। প্রথম সিদ্ধান্তে নির্ধারণ করা হয় আপনার সন্তান যে পরিবর্তিত মানদণ্ডে অংশগ্রহণ করবে, তা তার দৈনন্দিন শিক্ষার চাহিদা পূরণ করবে কি না। আপনার সম্মতিতে, আপনার সন্তানকে এখনো গ্রেড স্তরের মানদণ্ডের "প্রয়োজনীয় উপাদান" শিখতে হতে পারে, তবে সেগুলিকে পরিবর্তন করা হবে। (নিচের উদাহরণ দেখুন)।

দ্বিতীয় সিদ্ধান্ত অর্থাৎ আপনার সন্তানকে বিকল্প রাষ্ট্রীয় মূল্যায়নে অংশগ্রহণের জন্য সম্মতি প্রদান করা হবে কি না, তার সিদ্ধান্তও বার্ষিক ভিত্তিতে নেওয়া হবে।

পিতামাতার যেকোনো সময় এই সিদ্ধান্তগুলির মধ্যে একটি বা দুটিরই সম্মতি প্রত্যাহার করার অধিকার রয়েছে। যদি কোনো পিতামাতা অনিশ্চিত হওয়ার কারণে বা অন্য কোনো কারণে সিদ্ধান্ত নিতে না পারেন, তাহলে IEP টিম 15টি ক্যালেন্ডার দিবস পর তাদের সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

| 5ম গ্রেড স্তরের মানদণ্ড | 5ম গ্রেড মানদণ্ডের প্রয়োজনীয় উপাদান |
|---|---|
| কোনো ঐতিহাসিক, বৈজ্ঞানিক বা প্রযুক্তিগত পাঠ্যে দেওয়া নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে দুই বা ততোধিক ব্যক্তি, ঘটনা, ধারণা বা বিষয়ের মধ্যের সম্পর্ক বা মিথস্ক্রিয়া ব্যাখ্যা করুন। | একটি পাঠ্যে দুইটি ভিন্ন ব্যক্তি, ঘটনা বা ধারণার তুলনা করুন |
| প্রয়োজনীয় প্রশ্ন: Bill of Rights কীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের রক্ষা করে? শিক্ষার্থীরা বিশ্লেষণ করবে কীভাবে ভিন্ন স্বার্থের ব্যক্তিগণ ফেডারেলিস্ট এবং অ্যান্টিফেডারেলিস্ট দৃষ্টিভঙ্গির উত্থানে অবদান রাখে;<br><br>মেরিল্যান্ড (Maryland)-এর Declaration of Rights-টি কীভাবে Daniel Carroll, Luther Martin এবং John Francis Mercer-এর স্বীকৃতিগত বিতর্ককে প্রভাবিত করে, তা মূল্যায়ন করুন;<br><br>সংবিধানের প্রথম দশটি সংশোধনীর উদ্দেশ্য এবং গুরুত্ব চিহ্নিত করুন;<br><br>বর্তমান সময়ে মেরিল্যান্ড (Maryland) এবং দেশে সংশোধনীগুলি কীভাবে ব্যবহার করা হচ্ছে, সেটি অন্বেষণ করুন। | প্রয়োজনীয় প্রশ্ন: Bill of Rights কীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের রক্ষা করে? শিক্ষার্থীরা US সংবিধানের প্রথম দশটি সংশোধনী পড়বে এবং বর্তমান সময়ে মেরিল্যান্ড (Maryland) এবং দেশে সেগুলি কীভাবে ব্যবহার করা হচ্ছে, সেটি অন্বেষণ করবে। |



# পিতামাতার সম্মতির সিদ্ধান্তের ভিত্তিতে

## পছন্দ এবং প্রভাব

সন্তানকে অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের জন্য, পিতামাতাকে অবশ্যই সম্মতি প্রদান করতে হবে। যদি তারা সম্মতি না দেন, তাহলে তাদের সন্তানকে সাধারণ পাঠ্যক্রম আয়ত্ত করতে হবে, অপরিবর্তিত গ্রেড স্তরের মানদণ্ড অনুসারে তাদের IEP-তে বর্ণিত বিশেষ শিক্ষা সহায়তা এবং পরিষেবা প্রদান করা হবে। তাদের আপনার স্কুল সিস্টেমের নীতিমালা অনুযায়ী সাধারণ শিক্ষার শিক্ষার্থী হিসেবে মূল্যায়ন এবং গ্রেড করা হবে। তাদের সাধারণ রাষ্ট্রীয় মূল্যায়নের অনুমোদিত স্বাচ্ছন্দ্যবিধান এবং সমর্থন ব্যবহার করে মূল্যায়ন করা হবে।

আপনার সন্তানের পরিবর্তিত শিক্ষার মানদণ্ড এবং বিকল্প রাষ্ট্রীয় মূল্যায়নে অংশগ্রহণ করার জন্য, আপনাকে আলাদা সম্মতি দিতে হবে। এই দুইটি সিদ্ধান্ত সামঞ্জস্যপূর্ণ হলেও, পিতামাতারা একটিতে সম্মতি প্রদান করতে পারেন এবং অন্যটিতে সম্মতি নাও দিতে পারেন, দুটিতেই সম্মতি দিতে পারেন আবার কোনোটিতেই সম্মতি নাও দিতে পারেন। যদিও IEP টিম Appendix A সম্পূর্ণ করে এবং বিবেচনা করে শিশুটি অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের যোগ্য, তবুও পিতামাতা এটিতে সম্মতি না দেওয়ার সিদ্ধান্তও নিতে পারেন। শিশুকে ফ্রি এপ্রোপিয়েট পাবলিক এডুকেশন (Free Appropriate Public Education/FAPE) প্রদান করার জন্য স্কুলের বাধ্যবাধকতা অব্যাহত থাকবে। যদি স্কুল নির্ধারণ করে যে, শিশুকে Alternate Framework-এ অংশগ্রহণ করানোর মাধ্যমেই FAPE প্রদান করা যাবে, তাহলে বিরোধ নিষ্পত্তির জন্য মধ্যস্থতা এবং/বা যথাযথ প্রক্রিয়া শুনানির মাধ্যমে তাদের অবশ্যই আনুষ্ঠানিক বিতর্ক নিষ্পত্তি প্রক্রিয়া অ্যাক্সেস করতে হবে। ফেডারেল এবং রাষ্ট্রীয় আইন অনুসারে এটা করা আবশ্যক।

সম্মতি প্রদান করবেন কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময়, পিতামাতাদের মনে রাখা উচিত যে:

- অংশগ্রহণের সিদ্ধান্ত বার্ষিক ভিত্তিতে নেওয়া হয়;
- তারা যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করতে পারেন;
- অংশগ্রহণের সিদ্ধান্ত স্থান নির্ধারণ, শেখার পরিবেশ, স্কুল বা প্রোগ্রাম নির্দেশ করে না;
- শিশুটি যত বেশি সময় অল্টারনেট ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণ করবে, তাদের ডিপ্লোমা অর্জন করার সম্ভাবনা তত কম হবে; তবে;
- সম্ভব হলে আপনার সন্তান এখনো ডিপ্লোমা অর্জনের চেষ্টা করতে পারে।


# অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফল



শিক্ষার্থীদের অনন্য চাহিদা উন্নতভাবে পূরণ করার জন্য, সকল শিক্ষার্থীরই কঠোর নির্দেশনাবলী থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে। আপনার সন্তানের অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণ কোনো নির্দিষ্ট প্লেসমেন্ট নির্ধারণ করে না। এগুলি সম্পূর্ণ আলাদা সিদ্ধান্ত এবং ইন্ডিভিজ্যুয়াল উইথ ডিজএ্যাবিলিটিজ এডুকেশন এ্যাক্ট (Individuals with Disabilities Education Act/IDEA) আদেশ অনুসারে, সকল শিক্ষার্থীকে তাদের সুস্থ-স্বাভাবিক সহপাঠীদের সাথেই যতটা সম্ভব শিক্ষা প্রদান করা উচিত। এই আদেশটি উল্লেখযোগ্য জ্ঞানীয় প্রতিবন্ধকতাসহ শিক্ষার্থীদের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য। বিষয়টি হলো, অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণ করলে আপনার সন্তানের শিক্ষা গ্রহণের জন্য আলাদা প্রোগ্রাম, শ্রেণীকক্ষ বা স্কুলের প্রয়োজন নেই, তবে যদি আপনার সন্তানের অনন্য চাহিদায় সাধারণ শিক্ষা ক্লাসরুমের বাইরে নির্দেশনা গ্রহণ করতে হয়, সেটা ব্যতিক্রম বিবেচিত হবে।

পিতামাতাদের বোঝা উচিত যে প্রাথমিক বিদ্যালয়ের শুরু থেকে, তাদের সন্তান অল্টারনেট ফ্রেমওয়ার্ক-এ, ক্লাসরুম নির্দেশনাবলী এবং রাষ্ট্রীয় মূল্যায়নের কোনো একটিতে বা দুটিতেই যত বেশি সময় অংশগ্রহণ করবে, ততই শিক্ষার্থীর পক্ষে শিখতে পারা এবং হাই স্কুলে যাওয়ার পর ক্রেডিট ও ডিপ্লোমা অর্জনের জন্য প্রয়োজনীয় রাষ্ট্রীয় মূল্যায়নে পাস করার সাধারণ গ্রেড স্তরের পাঠ্যক্রমের মানের ভিত্তিতে তার মূল্যায়ন করাও কঠিন হয়ে উঠবে। তবে, অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণকারী কোনো শিক্ষার্থীকেই ডিপ্লোমা অর্জনের চেষ্টা থেকে নিরুৎসাহিত করা হবে না।

যেসব শিক্ষার্থীরা ডিপ্লোমা অর্জন করতে পারবে না, তারা Maryland Certificate of Program Completion পাবে। তাদের শিক্ষার উচ্চ প্রত্যাশা এবং পরিকল্পনা তাদেরকে স্বাধীন ও সফলভাবে পেশা জীবনে ও কমিউনিটি জীবনে এগিয়ে যাওয়ার জন্য প্রস্তুত করবে।



# পিতামাতাদের
## জন্য একটি চেকলিস্ট

## আপনি কি নিম্নলিখিত প্রশ্নের উত্তর "হ্যাঁ" দিতে পারেন?

যদি তা না হয়, তাহলে আপনার সন্তানের কেস ম্যানেজার, আপনার সন্তানের প্রশাসক, আপনার স্কুল সিস্টেমের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর বা মেরিল্যান্ড স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন (MSDE)-এ ফ্যামিলি সাপোর্ট টিমকে কল করুন।

### অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক

- কোনো শিক্ষার্থী কীভাবে মেরিল্যান্ড (Maryland)-এর অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হয়, সেটা কি আমি বুঝতে পেরেছি?
- আমি কি আমার সম্মতির অধিকার এবং সেই সিদ্ধান্তগুলির ফলাফল বুঝতে পেরেছি?
- আমি কি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আমার ভূমিকা বুঝতে পেরেছি?
- আমি কি জানতাম যে, আমি আমার সন্তানের শিক্ষার পরিকল্পনা করার ক্ষেত্রে আমার পরিবারের উদ্বেগ এবং অগ্রাধিকার শেয়ার করতে পারি?
- আমি কি বুঝতে পেরেছি যে, আমার সন্তানের অল্টারনেট ফ্রেমওয়ার্ক-তে অংশগ্রহণ করার জন্য আমাকে প্রতি বছর লিখিত সম্মতি দিতে হবে?
- আমি কি বুঝতে পেরেছি যে, আমার সিদ্ধান্তের উপর ভিত্তি করে স্কুল সিস্টেম পদক্ষেপ নিতে পারে?
- আমি কি অল্টারনেট ফ্রেমওয়ার্ক-এ আমার সন্তানের অংশগ্রহণের বিষয়ে আমার সিদ্ধান্তের সম্ভাব্য ফলাফল বুঝতে পেরেছি?
- যদি আমার সন্তানকে অল্টারনেট এডুকেশন ফ্রেমওয়ার্ক-এ অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হয়, তাহলে আমি কি তার কারণ বুঝতে পারবো?

# গৌণ উত্তরণ সংক্রান্ত
# শব্দকোষ

### অল্টারনেট অ্যাকাডেমিক ফ্রেমওয়ার্ক(Alternate Academic Framework)

এর মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য জ্ঞানীয় প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের নির্দেশনা এবং মূল্যায়ন দুটিই অন্তর্ভুক্ত রয়েছে।

### Maryland College and Career Ready Standards (MCCRS)

এটি হল স্টেট-ব্যাপী গ্রেড স্তরের মানদণ্ড, যা সকল শিক্ষার্থীদের স্পষ্ট, উচ্চ-মানের, শিক্ষাগত প্রত্যাশা প্রদান করে।

### উল্লেখযোগ্য জ্ঞানীয় ঘাটতি

এটি শিক্ষার্থীর অনুসারিত, কর্মদক্ষতাজনিত, জ্ঞানীয়, শেখার প্রোফাইলকে প্রতিফলিত করা তথ্যের একটি সংকলন।

### প্রয়োজনীয় উপাদান

এটি হল গ্রেড স্তরের অর্জনের মানদণ্ড যা MCCRS থেকে নেওয়া ও তার সাথে সামঞ্জস্যপূর্ণ, যাতে নিশ্চিত করা যায় সকল শিক্ষার্থীই শিক্ষাগত উচ্চ ফলাফল অর্জন করতে পারে।

### Appendix A

এটি হল IEP ফর্ম, যেটা শিক্ষার্থী Alternate Academic Framework-এ অংশগ্রহণের মানদন্ড পূরণ করে কি না তা নির্ধারণের জন্য টিম বার্ষিক ভিত্তিতে পূরণ করবে।

### MCAP (Maryland Comprehensive Assessment Program)

এটি স্টেটের মূল্যায়ন কর্মসূচি যা Maryland College and Career Ready Standards-এর দক্ষতার প্রতি শিক্ষার্থীর অগ্রগতির বিষয়ে শিক্ষক, পিতামাতা এবং জনসাধারণকে তথ্য সরবরাহ করে।



**MARYLAND STATE DEPARTMENT OF EDUCATION (মেরিল্যান্ড স্টেটের শিক্ষা বিভাগ)**

**Mohammed Choudhury (মোহাম্মদ চৌধুরী)**
স্টেট সুপারিনটেনডেন্ট অব স্কুল (State Superintendent of Schools)

**Dr. Deann Collins (ডঃ ডিয়েন কলিন্স)**
ডেপুটি সুপারিনটেনডেন্ট ফর অফিস অব টিচিং অ্যান্ড লার্নিং (Deputy Superintendent for Office of Teaching and Learning)

**Clarence C. Crawford (ক্লিয়ারেন্স সি. ক্রফোর্ড)**
প্রেসিডেন্ট, মেরিল্যান্ড স্টেট বোর্ড অফ এডুকেশন (Maryland State Board of Education)

**Wes Moore (ওয়েস মুর)**
গভর্নর

© 2023 Maryland State Department of Education

এই প্রকাশনাটি Maryland State Department of Education (মেরিল্যান্ড স্টেটের শিক্ষা বিভাগ), Division of Early Intervention and Special Education Services ( প্রাথমিক হস্তক্ষেপ ও বিশেষ শিক্ষা পরিষেবা দপ্তর) দ্বারা তৈরি করা হয়েছে এবং U.S. (মার্কিন যুক্তরাষ্ট্র) থেকে ফান্ড নেওয়া হয়েছে। Department of Education, অনুদান #H393A090124A, বিশেষ শিক্ষা-অনুদান শিশু এবং পরিবারের জন্য "রিকোভারি ফান্ড"-এর অধীনে PL 105-17/111-5 Individuals with Disabilities Education Act/আমেরিকান রিকোভারি এন্ড রিইনভেস্টমেন্ট এ্যাক্ট (American Recovery and Reinvestment Act)। Maryland State Department of Education (মেরিল্যান্ড স্টেটের শিক্ষা বিভাগ), Division of Early Intervention and Special Education Services (প্রাথমিক হস্তক্ষেপ ও বিশেষ শিক্ষা পরিষেবা) হলো Maryland Infants and Toddlers Program (মেরিল্যান্ড নবজাতক ও শিশু কর্মসূচি)-এর প্রধান এজেন্সি, স্টেট এবং স্থানীয় সংস্থা এবং সংস্থাগুলির দ্বারা সমন্বিত পরিষেবা এবং সমর্থনের ভিত্তিতে স্টেটব্যাপী কর্মসূচি। যে ব্যবহারকারীরা এই প্রকাশনাতে সম্মিলিত তথ্যগুলি কপি বা শেয়ার করে ব্যবহার করে, তাদেরকে অবশ্যই Maryland State Department of Education (মেরিল্যান্ড স্টেটের শিক্ষা বিভাগ), Division of Early Intervention and Special Education Services (প্রাথমিক হস্তক্ষেপ ও বিশেষ শিক্ষা পরিষেবা দপ্তর) , Dr. Deann Collins (ডঃ ডিয়েন কলিন্স), ডেপুটি সুপারিনটেনডেন্ট ফর অফিস অব টিচিং অ্যান্ড লার্নিং-কে ক্রেডিট দিতে হবে।



MARYLAND STATE DEPARTMENT OF EDUCATION
EQUITY AND EXCELLENCE


410-767-0100

www.marylandpublicschools.org

200 West Baltimore Street Baltimore, MD 21201-2595